অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ক্যাপিটলে LGBTQ গর্বের মাস প্রদর্শনী (LGBTQ PRIDE MONTH EXHIBIT) এর উদ্বোধন ঘোষণা করেছেন

ইতিহাসে প্রথমবারের মত স্টেট ক্যাপিটলে (State Capitol) LGBTQ এর গর্বের পতাকা উত্তোলন করা হবে

নতুন প্রদর্শনী - "সমতা কখনো নীরব থাকবে না" - নিউইয়র্কের LGBTQ কমিউনিটিকে সম্মানিত করে এবং নিউইয়র্কবাসী LGBTQ সদস্যদের অবদানের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে

আন্তর্জাতিক এইডস স্মারক কম্বলের (International AIDS Memorial Quilt) অংশ বিশেষ অন্তর্ভুক্ত করার জন্য প্রদর্শনী

প্রদর্শনীর ছবি দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ *"সমতা কখনো নীরব থাকবে না"* শিরোনামে LGBTQ গর্বের মাস প্রদর্শনীর উদ্বোধন ঘোষণা করেছেন, যা নিউইয়র্ক অঙ্গরাজ্যের LGBTQ সমাজকে সম্মানিত করে এবং এখানকার 16 জন LGBTQ সদস্যের অর্থপূর্ণ রাজনৈতিক, সাংস্কৃতিক ও শৈল্পিক প্রভাবকে স্বীকৃতি প্রদান করে। এই প্রদর্শনী নিউইয়র্ক স্টেট ক্যাপিটলের তৃতীয় তলার অভ্যার্থণা কক্ষে অনুষ্ঠিত হবে এবং তা গ্রীষ্মকাল ধরে চলবে। উপরন্ত, গভর্নর ঘোষণা করেন যে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ইতিহাসে প্রথমবারের মত স্টেট ক্যাপিটলে LGBTQ এর গর্বের পতাকা উত্তোলন করা হবে। প্রদর্শনী সংক্রান্ত আরও তথ্য পাওয়া যাবে এখানে।

"নিউইয়র্ক হল LGBTQ অধিকার আন্দোলনে প্রবর্তক নেতাদের সুতিকাগার যারা বিভিন্ন বাধা ভেঙ্গে ফেলেছেন এবং কখনো পূর্ণ সমতার জন্য লড়াই বন্ধ করেননি", **গভর্নর কুওমো বলেন।** "তাদের কাউকে কাউকে কেবল তাদের পরিচয়ের জন্যই হত্যা করা হয়েছে - অন্যরা সুপ্রিম কোর্টে তাদের মামলার বিষয়ে যুক্তিতর্ক করে ইতিহাসের গতি বদলে দিয়েছেন। প্রদর্শনী এই অসাধারণ সাহসী ও প্রতিভাবান ব্যক্তিদের অবদানের প্রতি সম্মান জানায় ও শ্রদ্ধা প্রদর্শন করে - এবং নিউইয়র্ক সবসময় তাদের প্রতি কৃতজ্ঞ থাকবে।"

গভর্নরের প্রধান উপদেষ্টা আলফনসো বি. ডেভিড বলেন, "LGBTQ কমিউনিটির জন্য গভর্নর কুওমো'র চেয়ে বড় কোনো মিত্র নেই এবং আমি এসব পথিকৃতের কাজ ও নেতৃত্বকে স্বীকৃতি দেওয়ার জন্য তাকে ধন্যবাদ জানাই। নিউইয়র্ক হল LGBTQ প্রতিষ্ঠিত হওয়ার সময় থেকেই এর

অধিকার আন্দোলনের ক্ষেত্রে জাতীয় নেতা এবং গভর্নর কুওমো'র প্রশাসন LGBTQ সদস্যদের সম-অধিকার এবং সুরক্ষা নিশ্চিত করতে অভূতপূর্ব পদক্ষেপ নিয়েছেন। আমি এই প্রদর্শনীতে যুক্ত হয়ে সম্মানিত বোধ করছি এবং LGBTQ অধিকার আন্দোলনকে দৃশ্যমান করতে এবং এক্ষেত্রে সহায়তা করতে আমার অঙ্গীকারে অটল থাকব।"

সাধারণ সার্ভিস কমিশনার অফিস (Office of General Services)-এর কমিশনার রোঅ্যান ডেসটিটো বলেন, "গভর্নর কুওমো'র প্রশাসনের সদস্য হয়ে আমি গর্বিত, কারণ তারা LGBTQ অধিকার আন্দোলনকে এগিয়ে নেয়া অব্যাহত রেখেছে। নিউইয়র্ক অঙ্গরাজ্যের ক্যাপিটলের দেখভালকারী (steward) হিসাবে আমরা আনন্দিত যে, আমরা এখানে এমন এক প্রদর্শনীর ব্যবস্থা করতে পেরেছি যা স্টোনওয়ালের (Stonewall) পর 50 বছরে গৃহীত কিছু পদক্ষেপ এবং এ সময়ে যেসব চ্যালেঞ্জ দেখা দিয়েছে তা তুলে ধরতে সহায়তা করবে।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "স্টোনওয়ালের 50 তম বার্ষিকী উপলক্ষে ক্যাপিটলে গর্বের পতাকা উত্তোলন LGBTQ মানবাধিকারের ক্ষেত্রে নিউইয়র্কের আলোকবর্তিকা হিসাবে ভূমিকা পালনের স্মারক সাক্ষ্য বহন করে। এই অধিবেশনে গভর্নর কুওমোর সাথে কাজ করে সিনেট ও আইনসভা ট্রান্সজেন্ডার মানবাধিকার বিষয়ক আইন পাস, কথিত সমকামী রূপান্তর থেরাপি নিষিদ্ধকরণ, গৃহহীন LGBTQ যুবাদের সুরক্ষা দান এবং আরও অনেক কিছুসহ LGBTQ এর ক্ষেত্রে যে অগ্রগতি অর্জন করেছে তা নিয়ে আমি অত্যন্ত গর্বিত। গর্বের পতাকা আমাদের অঙ্গরাজ্যের ক্যাপিটলে উড়বে এবং 50 বছর আগে স্টোনওয়াল ইন-এ LGBTQ সমাজের যে সংগ্রাম, উদ্যম এবং আশার সূত্রপাত হয় ও সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে সেটার প্রতিনিধিত্ব করবে।"

সিনেটর টম ডুয়েইন বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্যের LGBTQ নেতাদের দীর্ঘ ও জ্ঞাত ইতিহাস রয়েছে যারা আরও সম ও ন্যায্য এম্পায়ার স্টেটের জন্য নিরলসভাবে লড়াই করেছেন। আমি 16 জন কমিউনিটি নেতার অবদানের স্বীকৃতি দিয়ে ক্যাপিটলে এই প্রদর্শনীর উদ্বোধন করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এবং সবার জন্য আশার আলো হিসাবে নিউইয়র্কের অবস্থান অব্যাহত রাখার ক্ষেত্রে তার সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "LGBTQ সমাজের পক্ষে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ইতিহাসে উল্লেখযোগ্য অর্জন তুলে ধরার এই প্রদর্শনীর অংশ হয়ে আমি সম্মানিত বোধ করছি। বর্তমানে LGBTQ সদস্যদের অধিকারসমূহকে সহায়তাকারী এই অঙ্গরাজ্যে কাজ করে ও বসবাস করে আমরা ভাগ্যবান হলেও এবং তা উদযাপন করার ক্ষেত্রে অনেক কিছু পেলেও আমাদেরকে এখনো বিদ্যমান বৈষম্য ও ক্ষতিকর চর্চার প্রেক্ষিতে পূর্ণ সমতার পক্ষে কাজ অব্যাহত রাখতে হবে। সে লড়াই চলমান রাখার ক্ষেত্রে এমন সঙ্গ পাওয়াটা দারুন এক সৌভাগ্যের বিষয়।"

এই প্রদর্শনীর নাম এসেছে এ বিষয়ের অবিসংবাদিত নেতা হার্ভি মিল্কের একটি উদ্ধৃতি থেকে, যিনি ঘোষণা করেন যে, "আশা কখনও নীরব থাকবে না।" প্রদর্শনীর বেশিরভাগ উপাদান কিছু সংখ্যক উল্লেখযোগ্য ব্যক্তির প্রতি শ্রদ্ধা নিবেদন করে, যাদের অটল সংকল্প ও অবদান LGBTQ অধিকার আন্দোলনকে দৃশ্যমান করে তোলে এবং তাতে সহায়তা প্রদান করে।

প্রদর্শনীতে রয়েছে 1969 সালের স্টোনওয়াল বিদ্রোহের ইতিহাস বর্ণনাকারী একটি প্যানেল এবং গর্বের পতাকার ইতিহাস বর্ণনায় নিবেদিত অপর এক প্যানেল। এটি তিনজন নিউইয়র্কবাসীর স্মৃতির প্রতিও সম্মান প্রদর্শন করে, পক্ষপাত-প্রণোদিতভাবে যাদের হত্যাকাণ্ড পরিবর্তনের সূচনা করে এবং ফলস্বরূপ LGBTQ সদস্যরা শক্তিশালী সুরক্ষা লাভ করে।

আন্তর্জাতিক এইডস স্মারক কম্বলের অংশ বিশেষ প্রদর্শন করেও নিউইয়র্ক অঙ্গরাজ্য গর্বিত। এইডস সংশ্লিষ্ট জটিলতায় যারা প্রাণ হারিয়েছেন তাদের প্রতি সম্মান প্রদর্শন করে চারটি 12-ফুটের টুকরো এই প্রদর্শনীতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ক্যাপিটলে প্রদর্শিত তিনটি স্বাক্ষর স্কোয়ার এসেছে আন্তর্জাতিক রঙধনু স্মারক দৌড় (International Rainbow Memorial Runs) থেকে শুরু করে 2002 সালের অস্ট্রেলিয়ার সিডনি গে গেমস VI, 2010 সালের জার্মানির কোলন গে গেমস VIII এবং 2018 সালের ফ্রান্সের প্যারিস গে গেমস 10 থেকে। এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza) কনসোর্সে প্রদর্শিত চতুর্থ বিভাগটি বারবারা মার্টিনেজ এর ধার করা, যিনি মানুষকে এইডস সম্পর্কে শিক্ষা দান করতে সহায়তা প্রদানের জন্য Fundación MAROZO প্রতিষ্ঠায় সহায়তা করেন।

LGBTQ অধিকারের প্রতি নিউইয়র্কের অঙ্গীকার অগ্রণী আইন এবং উদ্যোগের বাইরেও প্রসারিত। এটি বিশ্বব্যাপী দর্শকদের উপলব্ধি এবং তাদের কাছে গ্রহণযোগ্যতা আনার ক্ষেত্রে উপস্থাপনার পটভূমি হিসাবেও কাজ করে। নিউইয়র্ক নগরীতে আয়োজিত ও উপস্থাপিত এই প্রদর্শনীতে উদ্ভাবনীমূলক ধারাবাহিক *নাটক (Pose)* সম্পর্কিত একটি প্যানেলও রয়েছে। ধারাবাহিকের নিয়মিত চরিত্রগুলোতে সবচেয়ে বেশি সংখ্যক ট্রান্সজেন্ডার অভিনেতাকে সন্নিবেশ করে এই নাটক টেলিভিশনের ইতিহাসে পরিণত হয়েছে।

নিচের নিউইয়র্কবাসীদেরও প্রদর্শনীতে উপস্থাপন করা হয়েছে:

শিল্প ও সংস্কৃতি

অ্যালিস অস্টেন - একজন ফটোগ্রাফার যিনি তার সময়কার সাধারণত বিষয় প্রথাগত সামাজিক এবং লিঙ্গ নিয়ম মেনে চলতে অস্বীকৃতি জানিয়েছিলেন।

জেমস বল্ডউইন - একজন ঔপন্যাসিক, প্রাবন্ধিক, কবি ও নাট্যকার যিনি আমেরিকার বর্ণ ও যৌনতা সম্পর্কে স্পষ্টভাবে লিখেছেন।

হার্ভি ফিয়ারস্টেইন - একজন অভিনেতা, নাট্যকার, এবং কন্ঠ অভিনেতা যিনি LGBTQ প্রতিপাদ্য মঞ্চের কেন্দ্রে নিয়ে এসেছেন।

অড্রে লর্ড - নিউইয়র্ক অঙ্গরাজ্যের একজন বিশিষ্ট কবি এবং পণ্ডিত যিনি সব ধরনের অবিচারের বিরুদ্ধে কথা বলেছেন।

সরকার

আলফনসো বি. ডেভিড - নিউইয়র্ক অঙ্গরাজ্যের গভর্নরের প্রধান উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালনকারী প্রথম কৃষ্ণাঙ্গ ব্যক্তি এবং প্রথম প্রকাশ্য সমকামী।

টম ডুইয়াইন - নিউইয়র্ক অঙ্গরাজ্যের সিনেটে প্রথম প্রকাশ্য LGBTQ সদস্য, এবং প্রথম প্রকাশ্য এইচআইভি-পজিটিভ সদস্য।

হন. পল জি. ফিনম্যান - অঙ্গরাজ্যের সর্বোচ্চ আদালতের প্রথম প্রকাশ্য সমকামী বিচারক।

সংসদ সদস্য ডেবোরাহ গ্লিক - নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনসভার প্রথম প্রকাশ্য LGBTQ সদস্য।

হার্ভি মিল্ক - মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচিত প্রথম প্রকাশ্য সমকামী কর্মকর্তাদের একজন।

<u>সহায়তাকারী</u>

মার্শা পি. জনসন - স্টোনওয়াল বিদ্রোহের সময় পুলিশের বিরুদ্ধে প্রতিরোধ সৃষ্টিকারী বলে খ্যাত LGBTQ অধিকার আন্দোলনের একজন অগ্রদূত।

রবার্টা "রোবি" কাপলান - বিয়ের প্রতিরক্ষা আইন (Defense of Marriage Act, DOMA) বানচাল করায় সফলভাবে এডি উইন্ডসরের প্রতিনিধিত্বকারী নিউইয়র্ক নগরীর বাণিজ্যিক ও নাগরিক অধিকার মামলা সম্পর্কে বিশেষজ্ঞ একজন আইনজীবী।

ল্যারি ক্রামার - অস্কার মনোনীত একজন লেখক এবং ক্ষমতা মুক্ত করায় এইডস জোট (AIDS Coalition to Unleash Power, ACT-UP) এর সহ-প্রতিষ্ঠাতা, এইচআইভি/ এইডস সম্পর্কে যার সচেতনতা কয়েক দশক ধরে বিস্তৃত।

সিলভিয়া রিভেরা - স্টোনওয়ালের জন্য একজন নিবেদিত প্রাণ ব্যক্তি, যিনি LGBTQ আন্দোলনে ক্ষুদ্র দলগুলোর পক্ষে স্পষ্ট বক্তব্য পেশ করেন।

ভিটো রুশো - একজন লেখক, কর্মী, এবং চলচ্চিত্র বিশেষজ্ঞ যিনি GLAAD এবং ACT UP প্রতিষ্ঠায় সহায়তা করেছেন।

বেয়ার্ড রাস্টিন - এ. ফিলিপ রান্ডফ ইনস্টিটিউটের একজন প্রতিষ্ঠাতা এবং ওয়াশিংটনে আয়োজিত 1963 সালের মার্চের সংগঠক।

এডি উইন্ডসর - একজন নিউইয়র্কবাসী ফেডারেল সরকারের বিরুদ্ধে যার সফল মামলা মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে সম-লিঙ্গের বিয়ে বৈধকরণের পথকে সুগম করার ক্ষেত্রে সহায়তা করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন